

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

সার্কুলার নং- ৪ /২০১৬

এ,

তারিখঃ-২৭/০৮/২০১৬ খ্রি।

বিষয়ঃ- বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য অনুসরণীয় নীতিমালা যথাযথভাবে প্রতিপাদন সংক্রান্ত।

প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণের অভিপ্রায়ের পরম অভিব্যক্তিক্রমে রাষ্ট্রে/সমাজে সৃষ্টি ও ন্যায় বিচার প্রতিষ্ঠার স্বার্থে আদালতসমূহের সৃষ্টি হয়েছে। প্রচলিত আইন ও ন্যায় নীতির ভিত্তিতে পক্ষগণের মধ্যে বিরোধ নিষ্পত্তি করাই সকল বিচারকের প্রধান দায়িত্ব। এই দায়িত্ব পালনে বিচারকগণ প্রধানতঃ আইনের বিধান অনুসরণ করে চলবেন। কিন্তু শুধুমাত্র আইন অনুসরণ করাই যথেষ্ট নয়। বিচারকগণ নিরপেক্ষ এবং সকল প্রকার প্রভাব থেকে মুক্ত; এরপ একটি ভাবমূর্তি বিচারপ্রার্থীসহ জনগণের নিকট উপস্থাপিত হওয়া অত্যাবশ্যক।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক প্রণীত বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য অনুসরণীয় নীতিমালা, ১৯৮৮-এ বিচারকগণকে নিরপেক্ষভাবে বিচারকার্য পরিচালনায় বাংলাদেশের সংবিধান ও আইনের সার্থক প্রয়োগ ও প্রতিফলন ঘটানো এবং কোনো ব্যক্তি বিচারককে প্রভাবিত করতে পারেন বা সুপারিশ করতে পারেন; জনমনে এরপ কোনো ধারণা সৃষ্টি হওয়ার সুযোগ প্রদান না করার সুনির্দিষ্ট নির্দেশনা রয়েছে।

বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ কর্তৃক অধস্তন আদালত ও ট্রাইবুনাল পরিদর্শনকালে দুই-একটি স্থানে কোনো কোনো মহল কর্তৃক বিচারককে বিভিন্নভাবে প্রভাবিত করার ক্ষমতায় অপচেষ্টার সুনির্দিষ্ট অভিযোগ অত্রকোর্টের গোচরীভূত হয়েছে। এরপ অভিযোগের সংখ্যা অতি নগণ্য হলেও বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক বিষয়টিকে অত্যন্ত গুরুতর বিবেচনায় ইতোমধ্যে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক প্রণীত বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য অনুসরণীয় নীতিমালা যথাযথভাবে অনুসরণক্রমে বিচারকগণকে নিরপেক্ষ ও নির্মোহভাবে বিচারকার্য পরিচালনা করার জন্য এবং বিচারকগণকে ফোনে বা অন্যবিধভাবে প্রভাবিত করার যে কোনোরপ অপচেষ্টা হতে সকল মহল-কে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো। বাংলাদেশ সুপ্রীম কোর্টের অবস্থান এ বিষয়ে অত্যন্ত স্পষ্ট এবং কঠোর। এরপ ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কালবিলম্ব না করে কঠোরতম আইনানুগ ব্যবস্থা গ্রহণে কোনো প্রকার শৈথিল্য প্রদর্শন করা হবে না।

স্বাঃ

(আবু সৈয়দ দিলজার হোসেন)

রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ

ফোনঃ ৯৫১৪৬৪৬

ই-মেইলঃ registrar_hed@supremecourt.gov.bd

স্মারক নং-১জে-৫/২০১৫-৩৭০

এ,

তারিখঃ-২৭/০৮/২০১৬ খ্রি।

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- | | | | |
|-----|--|---|---|
| ১। | সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | { | প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচারকগণকে অনুলিপি বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ |
| ২। | জেলা ও দায়ারা জজ,----- (সকল) | | |
| ৩। | মহানগর দায়ারা জজ, ----- (সকল) | | |
| ৪। | বিভাগীয় বিশেষ জজ, ----- (সকল) | | |
| ৫। | বিচারক(জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল, ----- (সকল) | | |
| ৬। | বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিষয়কারী অপরাধ দমন ট্রাইবুনাল, ----- (সকল) | | |
| ৭। | বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইবুনাল,----- (সকল) | | |
| ৮। | সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপোলেট ট্রাইবুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা। | | |
| ৯। | সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইবুনাল,----- (সকল) | | |
| ১০। | সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইবুনাল, ঢাকা। | | |
| ১১। | চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ----- (সকল) | | |
| ১২। | স্পেশাল জজ (জেলা জজ), ----- (সকল) | | |
| ১৩। | বিচারক(জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা | | |
| ১৪। | সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সেইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল,----- (সকল) | | |
| ১৫। | চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা | | |
| ১৬। | বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইবুনাল, ঢাকা। | | |
| ১৭। | বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইবুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্রচেঞ্জ কমিশন, ঢাকা। | | |
| ১৮। | সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপোলেট ট্রাইবুনাল, দ্বৈত বেঝঃ-৫, ঢাকা। | | |
| ১৯। | চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট----- (সকল) | | |
| ২০। | চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----- (সকল) | | |

- ২১। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয় সমাপ্তে উপস্থাপনের অনুরোধসহ)।
- ২৩। গবেষণা ও তথ্য কর্মকর্তা, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (যথা নিয়মে সংরক্ষণের অনুরোধসহ)।
- ২৪। রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২৫। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



২৭। ১। ১৬
(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮-২৬

ই-মেইলঃ aziz_dr@supremecourt.gov.bd